Australian Government
Department of Home Affairs

COVID-19 পরীক্ষা এবং চিকিৎসা

আপনার কাছে যদি ভিসা না থাকে বা আপনি আপনার ভিসার অবস্থা সম্পর্কে নিশ্চিত না থাকলেও আপনাকে অবশ্যই জনস্বাস্থ্যের দিকনির্দেশগুলো অনুসরণ করতে হবে। যদি আপনি অসুস্থ বোধ করেন তবে চিকিৎসা সহায়তা নিন এবং COVID-19-এর জন্য পরীক্ষা করান।

স্টেট এবং টেরিটরি সরকার বিনামূল্যে COVID-19 পরীক্ষা এবং চিকিৎসা দিচ্ছে।

- অস্ট্রেলিয়ান ক্যাপিটাল টেরিটরি
- নিউ সাউথ ওয়েলস
- নর্দার্ন টেরিটরি
- কুইন্সল্যান্ড
- সাউথ অস্ট্রেলিয়া
- তাসমানিয়া
- ভিক্টোরিয়া
- ওয়েস্টার্ন অস্ট্রেলিয়া

ভিক্টোরিয়াতে ইমিগ্রেশন মেডিকেল পরীক্ষা

COVID-19 সংশ্লিষ্ট বাড়তি বিধিনিষেধের কারণে ভিক্টোরিয়ায় সকল অভিবাসী স্বাস্থ্য পরীক্ষা (Immigration Medical Examinations) সাময়িকভাবে বন্ধ হয়ে গেছে। এটি জনস্বাস্থ্য বিষয়ক আরও ঘোষণার সাথে সামঞ্জস্য রেখে পর্যালোচনা করা হবে।

আমার একটি দর্শনার্থী ভিসা (Visitor visa) বা ইলেক্ট্রনিক ট্রাভেল অথরিটি (ETA) রয়েছে

দর্শনার্থী ভিসা বা ETA-গুলো অস্ট্রেলিয়াতে শুধুমাত্র সাময়িকভাবে থাকার অনুমতি দিয়ে থাকে। অস্ট্রেলিয়ায় থাকাকালীন আপনি যদি নিজের খরচ চালাতে সক্ষম না হন, তবে সম্ভব হলে আপনার উচিত হবে দেশে ফিরে যাওয়ার বন্দোবস্ত করা। অস্ট্রেলিয়া ত্যাগ করার জন্য আপনার ভ্রমণে ছাড় নেওয়ার জন্য আবেদন করার প্রয়োজন নেই।

আপনি যদি স্বদেশে ফিরে যেতে না পারেন, তবে আপনাকে একটি বৈধ ভিসা রাখতে হবে এবং প্রয়োজনীয় ক্ষেত্রে চিকিৎসকের পরামর্শ গ্রহণ করতে হবে।

কখন আমার ভিসা স্থগিত হবে তা পরীক্ষা করা

আপনি যদি আপনার অনুমোদিত সময়সীমার পরেও অস্ট্রেলিয়ায় থাকেন, তবে আপনার দর্শনার্থী ভিসা বা ETA স্বয়ংক্রিয়ভাবে স্থগিত হয়ে যাবে।

আপনি দেখতে পারেন:

- VEVO, myVEVO app, আপনার ভিসা অনুমোদন পত্রে অথবা আপনার ImmiAccount-এ আপনার ভিসার বিস্তারিত তথ্য।
- আমাদের Check an ETA সেবার মাধ্যমে আপনার ETA-এর মেয়াদ ও শর্তাবলী।

দ্রষ্টব্য: আপনি যদি কোনো রাউন্ড ট্রিপ (round trip) ভ্রমণের মাধ্যমে অস্ট্রেলিয়া ত্যাগ করেন ও ফিরে আসেন, তবে ভ্রমণে আপনি যে সময় -অতিবাহিত করেন তা অস্ট্রেলিয়ায় অতিবাহিত সময় হিসেবে বিবেচনা করা হবে - অর্থাৎ আপনি অস্ট্রেলিয়া ছেড়ে যাননি বলে আমরা আপনাকে বিবেচনা করবো। রাউন্ড ট্রিপের ভ্রমণ আপনার ভিসায় আপনার থাকার সময়কালকে নবায়ন করবে না। আমরা আপনার ভ্রমণকে রাউন্ড ট্রিপ ভ্রমণ হিসেবে বিবেচনা করি কি না তা আপনার ভ্রমণের অপারেটর বা ট্রাভেল এজেন্টের কাছ থেকে জেনে নিন।

আমার ভিসার মেয়াদ বৃদ্ধি

অস্ট্রেলিয়ার অভিবাসন আইনের অধীনে দর্শনার্থী ভিসা বা ETA-এর মেয়াদ বৃদ্ধি করা সম্ভব নয়।

আপনার বর্তমান ভিসার মেয়াদ শেষ হওয়ার আগে আপনাকে অবশ্যই নতুন ভিসার জন্য আবেদন করতে হবে।

অধিকাংশ ক্ষেত্রে, আপনি যদি নিজের খরচ বহন করতে পারেন, তবে আপনি একজন দর্শনার্থী (পর্যটক স্ট্রিম) হিসেবে অস্ট্রেলিয়ায় থাকার জন্য আবেদন করতে পারেন। আপনি যদি ইতোমধ্যে অস্ট্রেলিয়ায় একটি নতুন দর্শনার্থী ভিসার জন্য আবেদন করে থাকেন, তবে দর্শনার্থী ভিসা প্রক্রিয়াকরণ ব্যবস্থা দেখুন।

যদি আপনার দর্শনার্থী ভিসার মেয়াদোত্তীর্ণের সময় চলে আসে, প্রবেশের উপর নিষেধাজ্ঞার কারণে আপনি দেশে ফিরে যেতে সক্ষম না হন এবং আপনি অন্য আরেকটি ভিসার শর্তগুলো পূরণ করতে না পারেন, তবে আপনি COVID-19 পেন্ডামিক ইভেন্ট ভিসার জন্য যোগ্য হবেন। আপনি কেন দর্শনার্থী ভিসাসহ অন্য আরেকটি ভিসার শর্ত পূরণ করতে পারছেন না তার জন্য আপনার কারণ দর্শানোর প্রয়োজন হবে। এর সমর্থনে আপনাকে এমন বিবৃতি ও প্রমাণ অন্তর্ভুক্ত করতে হবে যেখানে দেখা যাবে যে, অন্য ভিসার আবেদনের চার্জ (VAC) পরিশোধ করার জন্য আপনার কাছে পর্যাপ্ত অর্থ নেই।

আপনি আপনার ভিসার অন্যান্য বিকল্পগুলোও অনুসন্ধান করতে পারেন।

নতুন ভিসার জন্য আবেদন করার পদ্ধতি

আমরা আপনাকে আবেদন করার জন্য উৎসাহিত করছি:

- যেখানে সম্ভব, ImmiAccount -এ

- আপনার বর্তমান ভিসা স্থগিত হওয়ার পূর্বের 4 সপ্তাহের আগে নয়।

যখন আপনি কোনো নতুন ভিসার জন্য আবেদন করেন, তখন আপনাকে হয়ত একটি ব্রিজিং ভিসা মঞ্জুর করা হতে পারে, যা আপনার ভিসার আবেদনের উপর সিদ্ধান্ত না আসা পর্যন্ত অস্ট্রেলিয়ায় বৈধভাবে থাকতে সহায়তা করবে।

যদি আপনার ভিসার সাথে 'নো ফারদার স্টে শর্ত' যুক্ত থাকে, তবে আপনি আরেকটি ভিসার জন্য আবেদন করার পূর্বে আপনাকে এই শর্ত মওকুফের জন্য অনুরোধ করতে হবে।

আপনার ভিসার মেয়াদ ইতোমধ্যে শেষ হয়ে গেলে, আমার ভিসার মেয়াদ শেষ হয়ে গেছে দেখুন।

কাজ করা

ভ্রমণ ভিসা ও ETA-ধারীরা অস্ট্রেলিয়াতে কোনো ধরনের কাজ করার জন্য অনুমোদনপ্রাপ্ত নন।

ভিসার শর্তসমূহ

বিভাগ বুঝতে পারছে যে, COVID-19-এর কারণে আরোপিত ভ্রমণ নিষেধাজ্ঞার ফলে কিছু আন্তর্জাতিক দর্শনার্থী অস্ট্রেলিয়া থেকে প্রস্থান করতে পারবেন না বা তাদের ভিসার শর্তাবলী পূরণ করতে পারবেন না। আপনার নিয়ন্ত্রণের বাইরে থাকা কোনো পরিস্থিতি দ্বারা যেন আপনি প্রভাবিত না হন তা নিশ্চিত করার জন্য ভবিষ্যতের কোনো আবেদন বিবেচনা করার ক্ষেত্রে আমরা এটি বিবেচনা করবো।

অস্ট্রেলিয়ায় দর্শনার্থী ভিসাধারীদের ক্ষেত্রে ভিসার নিম্নলিখিত শর্তাবলী প্রযোজ্য হতে পারে:

আর অবস্থান করতে না পারার (নো ফারদার স্টে) শর্ত (8503, 8534 এবং 8535 অন্তর্ভুক্ত রয়েছে)

আপনার যদি 'নো ফারদার স্টে' শর্তযুক্ত কোনো ভিসা থাকে, তবে ঐ শর্ত বাতিল না করলে আপনি অস্ট্রেলিয়ার অন্যান্য অধিকাংশ ভিসার জন্য আবেদন করতে পারবেন না।

আপনি যদি আরেকটি ভিসার জন্য আবেদন করতে চান এবং আপনার ভিসার মেয়াদ যদি 4 সপ্তাহের কম সময়ের মধ্যে শেষ হয়ে যায়, তবে আপনাকে এই শর্ত বাতিল করার জন্য অনুরোধ করতে হবে।

যদি আপনার আবেদনটি অনুমোদিত হয়, তবে আপনার চলমান ভিসা স্থগিত হওয়ার পূর্বে আপনাকে একটি নতুন ভিসার জন্য আবেদন করতে হবে।

শর্ত 8531 (অবস্থানের সময়সীমা শেষ হওয়ার পর অবশ্যই অস্ট্রেলিয়াতে অবস্থান করবেন না)

এই শর্তটি বাতিল করা যাবে না, তবে এটি আপনাকে আবার ভিসার জন্য আবেদন করা থেকে বিরত করবে না।

যদি আপনি 8531 শর্তযুক্ত ভিসাধারী হন, তবে আপনার চলমান ভিসার মেয়াদ শেষ হওয়ার পূর্বে আপনাকে একটি নতুন ভিসার জন্য আবেদন করতে হবে।

শর্ত 8558 (যেকোনো 18 মাস সময়কালের মধ্যে অস্ট্রেলিয়াতে 12 মাসের বেশি অবস্থান করতে পারবেন না)

এই শর্তটিবাতিল করা যাবে না, তবে এটি আপনাকে আবার ভিসার জন্য আবেদন করা থেকে বিরত করবে না।

যদি আপনি 8558 শর্তযুক্ত ভিসাধারী হন, তবে আপনার চলমান ভিসার মেয়াদ শেষ হওয়ার পূর্বে আপনাকে একটি নতুন ভিসার জন্য আবেদন করতে হবে।

আপনি যদি আপনার অনুমোদিত সময়সীমার পরেও অস্ট্রেলিয়ায় থাকেন, তবে আপনার ভিসা স্বয়ংক্রিয়ভাবে শেষ হয়ে যাবে।

যদি আপনি যেকোনো 18 মাস সময়কালের মধ্যে ধাপে ধাপে মোট 12 মাসের বেশি অবস্থান করে থাকেন, তবে আপনার ভিসা স্বয়ংক্রিয়ভাবে স্থগিত হয়ে যাবে না (যতক্ষণ পর্যন্ত না আপনি কোনো একক ভ্রমণে আপনার অবস্থানের সময়কাল অতিক্রম করেন)।

দর্শনার্থী ভিসা প্রক্রিয়াকরণের বন্দোবস্ত

COVID-19-এর কারণে, কিছু ভিসা প্রক্রিয়াকরণের সময়ের উপর প্রভাব পড়েছে এবং আবেদনগুলো চূড়ান্ত করতে বেশি সময় লাগতে পারে।

আপনি যখন অস্ট্রেলিয়ায় দর্শনার্থী ভিসার জন্য আবেদন করবেন, তখন আপনাকে একটি ব্রিজিং ভিসা মঞ্জুর করা হবে। যদি আমরা সিদ্ধান্ত নেওয়ার পূর্বে আপনার বর্তমান ভিসার মেয়াদ শেষ হয়ে যায়, তবে ব্রিজিং ভিসা শুরু হবে। এটি আপনার বৈধভাবে থাকার বিষয়টি নিশ্চিত করবে।

আমরা যখন আপনার নতুন ভিসার আবেদন প্রক্রিয়াকরণ করি তখন আপনি ব্রিজিং ভিসায় অস্ট্রেলিয়াতে অবস্থান করতে পারবেন। ব্রিজিং ভিসা মঞ্জুরের বিজ্ঞপ্তি পাওয়ার জন্য আপনার বিলম্ব হতে পারে। যদি আপনার বর্তমান ভিসার মেয়াদ শেষ হওয়ার পূর্বে আপনি একটি নতুন দর্শনার্থী ভিসার জন্য আবেদন করে থাকেন, তাহলে যদি আমরা আপনার ব্রিজিং ভিসা মঞ্জুরের বিজ্ঞপ্তি এখনও না পাঠিয়ে থাকি, তবুও আপনার বৈধ অবস্থা সম্পর্কে উদ্বিগ্ন হওয়ার কারণ নেই।

যদি আমাদের আরও তথ্যের প্রয়োজন হয় বা যদি আমরা কোনো সিদ্ধান্ত নিয়ে থাকি তাহলে আমরা আপনাকে জানাবো।

যদি আমরা কোনো সিদ্ধান্ত নেওয়ার পূর্বেই আপনি অস্ট্রেলিয়া ত্যাগ করেন, তবে আপনি আপনার আবেদন প্রত্যাহার করে নিতে পারবেন।

আমাদের কাছ থেকে প্রেরিত বার্তাগুলো দেখতে, আপনার বিস্তারিত তথ্য হালনাগাদ করতে, আপনি কোনো ভুল করে থাকলে আমাদেরকে জানাতে বা আপনার আবেদন প্রত্যাহার করে নিতে, আপনার ImmiAccount ব্যবহার করুন।

পরিষেবায় বিঘ্ন ঘটা

ভিসার আবেদন প্রক্রিয়া সম্পর্কিত কিছু কিছু পরিষেবা COVID-19 দ্বারা প্রভাবিত হতে পারে এবং আমরা নির্ভর করি এমন বেশ কিছু পরিষেবা (যেমন- স্বাস্থ্য পরীক্ষা) স্বল্প সময়ের জন্য উপলভ্য নাও থাকতে পারে। এসব ক্ষেত্রে পরীক্ষা-নিরীক্ষা করার জন্য এবং অনুরোধকৃত তথ্য প্রদান করার জন্য আপনাকে অতিরিক্ত সময় দেওয়া হবে।

আরও তথ্য প্রদান

আপনাকে যদি আরও তথ্য প্রদান করতে বলা হয়, তবে আপনার ImmiAccount -এর মাধ্যমে যথা শীঘ্র সম্ভব অনুরোধকৃত তথ্যগুলো আমাদেরকে প্রেরণ করুন।

আপনি যদি সময়সীমার মধ্যে তথ্যগুলো প্রদান করতে না পারেন, তবে আপনার ImmiAccount-এ একটি ব্যাখ্যা আপলোড করুন। আপনার ভিসার আবেদন বিবেচনা করার ক্ষেত্রে আমরা পরিষেবার যেকোনো ধরনের বিঘ্ন হওয়ার বিষয়টি বিবেচনা করবো। আপনার আবেদন সম্পর্কে সিদ্ধান্ত গ্রহণ করার পূর্বে যদি আরও তথ্যের প্রয়োজন হয়, তবে আমরা আপনার সাথে পুনরায় যোগাযোগ করবো।

স্বাস্থ্য পরীক্ষার জন্য অ্যাপয়েন্টমেন্ট নেওয়া

আপনার ভিসার জন্য স্বাস্থ্য পরীক্ষার প্রয়োজন হলে আমরা আপনাকে অবহিত করবো। আপনি যদি অনুরোধকৃত সময়সীমার মধ্যে বুপা মেডিক্যাল ভিসা সার্ভিসেস (Bupa Medical Visa Services)-এর অ্যাপয়েন্টমেন্ট পেতে সক্ষম না হন, তাহলে:

- আপনার ImmiAccount-এ এর একটি ব্যাখ্যা আপলোড করুন
- সম্ভব হলে, পরবর্তী উপলভ্য তারিখে একটি অ্যাপয়েন্টমেন্ট করুন
- একবার অ্যাপয়েন্টমেন্ট পাওয়ার পর, আপনার ImmiAccount-এর মাধ্যমে আপনার নির্ধারিত অ্যাপয়েন্টমেন্টের তারিখ সম্পর্কে আমাদের জানান।

আপনার ভিসার আবেদন বিবেচনা করার ক্ষেত্রে আমরা বিলম্বিত সেবা বা বন্ধের বিষয় বিবেচনা করবো। আপনার আবেদন সম্পর্কে সিদ্ধান্ত গ্রহণ করার পূর্বে যদি আরও তথ্যের প্রয়োজন হয়, তবে আমরা আপনার সাথে পুনরায় যোগাযোগ করবো।

COVID-19 পেন্ডামিক ইভেন্ট ভিসা

যদি আপনার ভিজিটর ভিসার মেয়াদ আগামী অল্প কয়েকদিনের মধ্যে শেষ হয়ে যায়, আপনি বর্তমানে দেশি ফিরে যেতে সক্ষম না হন এবং আপনি অন্য আরেকটি ভিসার পূর্বশর্ত পূরণ করতে না পারেন, তবে আপনি টেম্পোরারি অ্যাক্টিভিটি (সাব-ক্লাস 408) অস্ট্রেলিয়ান গভর্নমেন্ট এন্ডোর্সড ইভেন্ট স্ট্রিম (Australian Government Endorsed Event stream) (COVID-19 পেন্ডামিক ইভেন্ট ভিসা)-এর জন্য যোগ্য হতে পারেন।

আপনি কেন অন্য আরেকটি ভিসার শর্ত পূরণ করতে পারছেন না তার জন্য আপনার কারণ দর্শানোর প্রয়োজন হবে। এর সমর্থনে আপনাকে এমন বিবৃতি ও প্রমাণ অন্তর্ভুক্ত করতে হবে যেখানে দেখা যাবে যে, পুনরায় ভিসার আবেদনের চার্জ (VAC) পরিশোধ করার জন্য আপনার কাছে পর্যাপ্ত অর্থ নেই।

আপনি যদি 'নো ফারদার স্টে' শর্তের অধীনে থাকেন তাহলে আপনি COVID-19 প্যান্ডেমিক ইভেন্ট ভিসার জন্য আবেদন করার পূর্বে আপনাকে অবশ্যই সে শর্ত মওকুফ করতে হবে।